

স্মারক নং: ইউজিসি/বেঃবিঃ/২৮১(অংশ-৫)/৯৩/ ৫২৩৩

তারিখ: ১৯ আগস্ট ১৪২২ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

রেজিস্ট্রার

ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ
প্লট নং-১৬, ব্লক-বি, আফতাব উদ্দিন আহমেদ রোড,
বসুন্ধরা, আ/এ, ঢাকা-১২২৯।

বিষয়: B. Sc. (Hons.) in Physics প্রোগ্রাম অনুমোদন প্রসঙ্গে।

জনাব,

আপনাদের বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তাবিত B. Sc. (Hons.) in Physics প্রোগ্রামটি কমিশন কর্তৃপক্ষ নিম্নোক্ত শর্তে অনুমোদন করেছেন:

১. ক্রেডিট আওয়ারস ১৩৩ সহ সিলেবাসে মৌলিক বা গুরুত্বপূর্ণ কোন পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।
২. প্রোগ্রামটি অবশ্যই ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ, প্লট নং-১৬, ব্লক-বি, আফতাব উদ্দিন আহমেদ রোড, বসুন্ধরা, আ/এ, ঢাকা-১২২৯ ঠিকানায় ক্যাম্পাসে পরিচালনা করতে হবে অন্য কোন ক্যাম্পাসে নয়।
৩. প্রোগ্রামটি ডিস্ট্যান্স লার্নিং 'mode' এ পরিচালনা করা যাবে না।
৪. কমিশন কর্তৃক অনুমোদিত স্নাতক পর্যায়ে কোন প্রোগ্রাম/কোর্সে কোন ছাত্র-ছাত্রীকে ভর্তি করার জন্য এইচ.এস.সি/এ-লেভেল বা সমমানের পরীক্ষায় পাশ থাকতে হবে। O-Level পাশ করা শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা যাবে না। এস. এস. সি এবং এইচ.এস.সি বা সমমানের পাবলিক পরীক্ষায় প্রতিটি পর্যায়ে অবশ্যই ন্যূনতম জিপিএ-২.৫ থাকতে হবে। কোন একটি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ থাকলে দুই পরীক্ষায় মোট জিপিএ অনূন ৬.০০ থাকতে হবে তবে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য দুই পরীক্ষায় মোট জিপিএ ৫.০০ থাকলে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।
৫. O-Level পরীক্ষার ন্যূনতম ৫টি বিষয় (Subject) এবং A-Level পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয় (Subject) অবশ্যই থাকতে হবে। উক্ত দুটি পরীক্ষায় অনূন সাতটি বিষয়ের মধ্যে চারটিতে বি গ্রেড বা জিপিএ ৪.০০ এবং বাকী তিনটি বিষয়ে সি গ্রেড বা জিপিএ ৩.৫ অবশ্যই থাকতে হবে। GED পরীক্ষার প্রতিটি কোর্স অর্থাৎ পাঁচটি কোর্সেই পৃথকভাবে ৮০০ নম্বরের মধ্যে ৪১০ এবং গড়ে ৪৫০ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী বেসরকারি বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।
৬. এই প্রোগ্রামটিতে প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ২০ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। কোর্সে ভর্তির সময় প্রত্যেক ছাত্র-ছাত্রীকে একটি রেজিস্ট্রেশন নম্বর প্রদান করতে হবে এবং কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত রেজিস্ট্রেশন নম্বর বহাল থাকবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ থাকতে হবে।
৭. কোন প্রোগ্রাম/কোর্স পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুযায়ী একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপকসহ ন্যূনতম ০৪ (চার) জন পূর্ণকালীন শিক্ষক থাকতে হবে। উল্লেখ্য, এডভাইজার পদধারী কোন ব্যক্তির দ্বারা কোন পূর্ণকালীন প্রোগ্রাম/কোর্স পরিচালনা করার সুযোগ নেই।
৮. বর্ণিত কোর্সে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে।
৯. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন শ্রেডিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
১০. বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুসরণ করতে হবে। উক্ত প্রোগ্রামের জন্য প্রোগ্রাম সংশ্লিষ্ট একজন একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপক নিয়োগ করে কমিশনকে অবহিত করতে হবে।
১১. বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে পদার্থ বিজ্ঞান বিষয়ে নূতন সংস্করণের বই অপ্রতুল। কাজেই লাইব্রেরিতে এই প্রোগ্রামের উপযোগী যথেষ্ট সংখ্যক রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে। এছাড়া ইউজিসি ডিজিটাল লাইব্রেরির সংযোগ গ্রহণ করতে হবে।
১২. এই প্রোগ্রামটি পত্র জারীর তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে। প্রোগ্রামের সিলেবাসটি পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে গণ্য হবে। উল্লেখিত সময়ের পর সিলেবাসটি পুনরায় আপডেট করে কমিশনের অনুমোদন নিতে হবে।
১৩. বিশেষজ্ঞ মতামত (কপি সংযুক্ত) অনুযায়ী উক্ত প্রোগ্রামের ল্যাবরেটরি উন্নয়ন করে কমিশনকে লিখিতভাবে জানাতে হবে।
১৪. প্রোগ্রাম অনুমোদন পত্রটি বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছ শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন করতে হবে। সেই সাথে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

এই প্রোগ্রামটি পরিচালনার উদ্দেশ্যে উপরোল্লিখিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংলগ্নঃ বর্ণনামতে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

আবিদুল ইসলাম
২৪/১১/১৫আবিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।
ফোন: ৯১২৭৬৫৯Sean SECS
Head, Physical Sc

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, আইএমসিটিডি, ইউজিসি, ঢাকা (ওয়েবসাইটে তথ্য update করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২. জনাব মোয়াজ্জেম হোসেন সরকার, প্রশাসনিক কর্মকর্তা, বেঃবিঃ, ইউজিসি (অনুমোদিত প্রোগ্রামের তালিকা update করার জন্য অনুরোধ করা হ'ল)।
৩. সংশ্লিষ্ট নথি
৪. মহানথি।

২৪/১১/১৫

নাসিমা আক্তার খাতুন
সিনিয়র সহকারী পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।